দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 21 AUG 2017 ...
পৃষ্ঠা ১৩ ... কলাম ... ৫ ......

# জাতীয় বিশ্ববিদ্যালয়

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট**

(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন **২৪ আগস্ট ২০১৭ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ** রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে প্রাথমিক আবেদন ফি **বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকাসহ প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত **কলেজে ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১৫ অক্টোবর ২০১৭ তারিখ থেকে শুরু হবে।**

**এ ভর্তি কার্যক্রমে প্রার্থীদের SSC ও HSC** পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর **Honours tab** এ **Prospectus (Honours)/Important Notice** অপশন থেকে জানা যাবে।

**১। আবেদনের সাধারণ যোগ্যতা**

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে যে কোন শাখায় ২০১৪/২০১৫ সালের **SSC** এবং ২০১৬/২০১৭ সালের **HSC** পরীক্ষায় আলাদাভাবে **৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০** প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) অন্যান্য শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে **SSC ও HSC** সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। **বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC সমমান কোর্সসমূহ থেকে** i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

গ) **প্রার্থীদের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।**

ঘ) ২০১৪/২০১৫ সালের **O-Level** পরীক্ষায় **তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং** ২০১৬/২০১৭ **সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা** এ ভর্তি **কার্যক্রমে** আবেদন **করতে পারবে তবে প্রার্থীদের ভর্তি নির্দেশিকার অন্যান্য সকল শর্ত পূরণ করতে হবে।** এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি যোগাযোগ করবে।

ঙ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে **বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক** তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি যোগাযোগ করবে।

**২। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল**

ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ) **একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে এ সকল আবেদনকারীর i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, তা হলে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।**

গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপ এর (প্রয়োজনে একাধিকবার) মাধ্যমে সম্পন্ন করা হবে।

ঘ) **সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। প্রার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এবং SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজ থেকে ফলাফল জানতে পারবে।**

**৩। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়**

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে **(www.admissions.nu.edu.bd** অথবা **nu.edu.bd/admissions) Honours tab**-এ গিয়ে **Apply Now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** অথবা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক তথ্যটি এন্ট্রি দিতে হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য **(Eligible)** বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম **Select** করলে ঐ কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
টীম. পরিসংখ্যান বিভাগ
টীম. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যার্থে
স্বাক্ষর